গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.moha.gov.bd

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.২৩৪.২৭.০০০৪.২৬-২৭৪

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব বি, এম, নুরুজ্জামান (বিপি-৭৭০৫১১০৭৪৪) বর্তমানে সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি, নৌ পুলিশ, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ইতঃপূর্বে নৌ পুলিশ, রাজশাহী অঞ্চল হিসাবে কর্মরত 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ'-এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করলে গত ১৫-০৭-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০২। যেহেতু, শুনানি শেষে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রতীয়মান হয়েছে;

০৩। সেহেতু, জনাব বি, এম, নুরুজ্জামান (বিপি-৭৭০৫১১০৭৪৪) বর্তমানে সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি, নৌ পুলিশ, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও সাবেক নৌ পুলিশ, রাজশাহী অঞ্চল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য এবং উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি যথাক্রমে অনুসারে 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ'-এর অভিযোগে একই বিধিমালার ৪(২) উপ-বিধি (১)(ক) অনুযায়ী তাঁকে 'তিরস্কার' সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬/০৭/২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.২৩৪.২৭.০০০৪.২৬-২৭৪

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারির অনুরোধসহ)।
০৪। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর অবগতির জন্য)।
০৬। জনাব বি, এম, নুরুজ্জামান (বিপি-৭৭০৫১১০৭৪৪) বর্তমানে সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি, নৌ পুলিশ, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও সাবেক নৌ পুলিশ, রাজশাহী অঞ্চল।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।